Microcredit Regulatory Authority

**মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি**
**গুলফেশাঁ প্লাজা (৭ম তলা)**
**৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক**
**বড় মগবাজার, রমনা**
**ঢাকা-১২১৭।**

এমআরএ/সার্কুলার লেটার নং-রেগু-৪৮

তারিখ: ১৬ কার্তিক ১৪২৫ বাংলা
৩১ অক্টোবর ২০১৮ ইংরেজী

প্রধান নির্বাহী কর্মকর্তা
সকল সনদপ্রাপ্ত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান

**বিষয়ঃ ক্ষুদ্রঋণ কার্যক্রমের ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত দ্বারা বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনা প্রসংগে।**

প্রিয় মহোদয়,

শীর্ষোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২১(গ) অনুযায়ী গ্রাহকদের দারিদ্র্য নিরসনের লক্ষ্যে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনায় ব্যয় করার ক্ষেত্রে অত্র অথরিটির পূর্বানুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। উক্ত বিধির নির্দেশনা যথাযথভাবে পরিপালনের জন্য ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানসমূহকে বিভিন্ন সভা, সেমিনার ও প্রশিক্ষণে পরামর্শ প্রদানের পাশাপাশি অথরিটির ৩০/০৪/২০১২ তারিখের সার্কুলার লেটার রেগু-১৩ এর মাধ্যমে সুনির্দিষ্ট নির্দেশনা প্রদান করা হয়। এতদসত্ত্বেও এখনও কিছু কিছু ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান অথরিটির পূর্বানুমোদন গ্রহণ না করেই উদ্বৃত্ত তহবিল ব্যয় করছে; এমনকি পূর্বানুমোদন ব্যতীত অর্থ ব্যয় না করার বিষয়ে অঙ্গীকার করার পরও কোনো কোনো প্রতিষ্ঠান পুনরায় অনুমোদনবিহীনভাবে অর্থ ব্যয় অব্যাহত রেখেছে। ফলে উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ের বিষয়ে উপরোল্লিখিত বিধির নির্দেশনা বাস্তবায়ন বিঘ্নিত হওয়ার পাশাপাশি বর্ণিত ব্যয়ের স্বচ্ছতা নিশ্চিত করা সম্ভব হচ্ছে না। এছাড়া প্রতিষ্ঠানসমূহ নিজেদের আর্থিক সক্ষমতা ও গ্রাহকদের দারিদ্র্য নিরসনের বিষয়টি বিবেচনায় না নিয়ে অনেক সময় উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয় করে থাকে যা গ্রাহক স্বার্থ তথা ক্ষুদ্রঋণ কার্যক্রমের টেকসই সম্প্রসারণের অন্তরায়। প্রসংগত উল্লেখ্য, প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা ও সামাজিক কার্যক্রমের দারিদ্র্য নিরসনে ভূমিকা পর্যালোচনায় প্রতিষ্ঠান ভেদে বর্তমানে তাদের ক্ষুদ্রঋণ কার্যক্রমের পূর্ববর্তী অর্থ বছরের উদ্বৃত্তের সাধারণত ১০% হতে ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রেখে আলোচ্য খাতের ব্যয়ের অনুমোদন দেয়া হয়ে থাকে।

বর্ণিত অবস্থায়, আলোচ্য ব্যয়ের ক্ষেত্রে বিদ্যমান বিধির নির্দেশনা বাস্তবায়নের লক্ষ্যে নিম্নোক্ত পদক্ষেপসমূহ গ্রহণের জন্য আপনাদেরকে অনুরোধ করা হলো:

ক) অথরিটির পূর্বানুমোদন ব্যতীত সামাজিক কার্যক্রম পরিচালনায় ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল ব্যয় করা হতে বিরত থাকা;

খ) প্রতিষ্ঠানের ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল ব্যয় করে সামাজিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে প্রতিষ্ঠানের আর্থিক সক্ষমতা ও দারিদ্র্য নিরসনে উক্ত কার্যক্রমের ভূমিকা বিবেচনায় এ জাতীয় ব্যয়ের পরিমাণ প্রতিষ্ঠানের পূর্ববর্তী অর্থ বছরের উদ্বৃত্তের সর্বোচ্চ ১৫% এর মধ্যে সীমাবদ্ধ রাখা; এবং

গ) সংযুক্ত ফরমেট (পরিশিষ্ট "ক") অনুযায়ী প্রয়োজনীয় সংযোজনীসহ অর্থ বছরের শুরুতে এ জাতীয় ব্যয়ের আবেদন অত্র অথরিটিতে দাখিল।

বিষয়টি অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ সিরাজুল হক)
পরিচালক
ফোনঃ ০২৮৩৩৩৬৩৬

"পরিশিষ্ট-ক"

প্রতিষ্ঠানের নাম

প্রতিষ্ঠানের ঠিকানা

মোবাইল ------------------, ই-মেইল:-----------------------------

স্মারক নং- তারিখ:

এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান
মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি
গুলফেশা প্লাজা (৭ম তলা)
৮ শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।

**এমআরএ সনদ নং-**

**বিষয়: ক্ষুদ্রঋণ বহির্ভূত সামাজিক কার্যক্রমে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয়ের অনুমোদন প্রসঙ্গে।**

প্রিয় মহোদয়,

মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি বিধিমালা, ২০১০ এর বিধি ২১(গ) অনুযায়ী ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিলের অর্থ ব্যয় করে ক্ষুদ্রঋণ বহির্ভূত বিভিন্ন সামাজিক কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে অথরিটির পূর্বানুমোদন গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে। এ প্রেক্ষিতে নিম্নে বর্ণিত তথ্যাদির ভিত্তিতে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল হতে ----------- অর্থবছরে সর্বমোট----------------/- টাকা ব্যয় করার অনুমতি প্রদানের জন্য আবেদন করা হলো:-

| ক্র নং | কার্যক্রম/কর্মসূচির নাম | দাতা/সহযোগী/অন্যান্য উৎস হতে অনুদান (টাকায়) | ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত হতে ব্যয়িতব্য অর্থ (টাকায়) | মোট ব্যয়িতব্য অর্থের পরিমাণ (টাকায়) |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| ৪ | | | | |
| ৫ | | | | |
| | সর্বমোট প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ | | | |

প্রতিষ্ঠানের আর্থিক তথ্যাদি:

| জুন/২০১-- ভিত্তিক ক্রমপুঞ্জিভূত উদ্বৃত্ত | সংরক্ষিত তহবিলের পরিমাণ | জুন/২০১-- ভিত্তিক সঞ্চয়স্থিতি | তারল্যের পরিমাণ | বিগত (-------------) অর্থবছরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্তের পরিমাণ (টাকায়) | চলতি অর্থবছরে প্রস্তাবিত ব্যয়ের পরিমাণ বিগত অর্থবছরের উদ্বৃত্তের শতকরা (%) হার |
|---|---|---|---|---|---|
| | | | | | |

বিগত (-------------) অর্থবছরে ক্ষুদ্রঋণ কার্যক্রমের উদ্বৃত্ত তহবিল হতে সামাজিক কার্যক্রমে অর্থ ব্যয়ের বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

| ক্র নং | কার্যক্রম/কর্মসূচির নাম | অথরিটি কর্তৃক অনুমোদিত অর্থের পরিমাণ (টাকায়) | প্রকৃত ব্যয়ের পরিমাণ (টাকায়) | অনুমোদিত অর্থের কম/বেশি ব্যয়ের প্রেক্ষাপট |
|---|---|---|---|---|
| ১ | | | | |
| ২ | | | | |
| ৩ | | | | |
| | সর্বমোট | | | |

আপনাদের বিশ্বস্ত,

(---------------------)
প্রধান নির্বাহী কর্মকর্তা

সংযুক্তি:

১) কার্যক্রম/কর্মসূচির বিবরণ (লক্ষ্য, উদ্দেশ্য, উপকারভোগীর বিবরণ ও সংখ্যা, কার্যক্রম সংশ্লিষ্ট এলাকা প্রভৃতি বিষয়ে বিস্তারিত তথ্য);
২) ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রমের খাতভিত্তিক বিস্তারিত তথ্যসহ সম্ভাব্য আয়-ব্যয় বিবরণী বা প্রকল্পের বাজেট বিবরণী;
৩) কার্যক্রমের জন্য দাতা/সহযোগী সংস্থা কর্তৃক প্রণীত/অনুমোদিত বাজেটের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
৪) কার্যক্রম পরিচালনার বিষয়ে প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সিদ্ধান্তের/রেজুলেশনের কপি;
৫) বিগত অর্থবছরের Balance Sheet ও Income Statement এর কপি;
৬) পূর্ববর্তী (--------------) অর্থবছরের জন্য অথরিটি কর্তৃক অনুমোদিত অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী (প্রযোজ্য ক্ষেত্রে);
৭) ক্ষুদ্রঋণ বহির্ভূত কার্যক্রম সংক্রান্ত অন্যান্য তথ্যাদি (যদি থাকে)।

***** পত্র প্রেরণের পাশাপাশি সকল ডকুমেন্ট স্ক্যান করে একক পিডিএফ (pdf) ফাইল আকারে ই-মেইলে (REGULATIONS@MRA.GOV.BD) প্রেরণ করতে হবে।**

২০